BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

আলোকিত একটি জীবন বদলে দেয় পৃথিবী

অক্টোবর-২০১৯

BASMAH BULLETIN
Octobor-2019

# বন্যাদূর্গত শুশুয়া চরে নতুন প্রকল্প

টাঙ্গাইলের ভুঞাপুর থানাধীন শুশুয়া চর একটি বন্যা কবলিত এলাকা। প্রতিবছর বন্যাজনিত সমস্যায় ক্ষতিগ্রস্ত হয় এলাকার মানুষজন। দুর্যোগপূর্ণ এই এলাকার মানুষগুলোর পাশে দাঁড়াতে *বাসমাহ ফাউন্ডেশন* বেশ কিছু সেবামূলক কার্যক্রম হাতে নিয়েছে। দুর্যোগ পুনর্বাসনের এই প্রকল্পটির সূচনা হয়েছে গত ৩ সেপ্টেম্বর। এদিন প্রজেক্ট ম্যানেজার আলআমীন ও আঞ্চলিক অফিসের কর্মকর্তা আব্দুর রউফের উপস্থিতিতে বন্যায় ক্ষতিগ্রস্ত দরিদ্র কৃষকদের মাঝে বাদামের বীজ বিতরণ করা হয়। এছাড়াও উপস্থিত ছিলেন মাস্টার মমিনুর রহমানসহ এলাকার অন্যান্য নেতৃবৃন্দ। প্রাথমিক ভাবে বীজ বিতরণের এই কর্মসূচি ৫০টি পরিবারে সরবরাহের মাধ্যমে পালিত হলেও গত ২৪শে সেপ্টেম্বর ২য় পর্বের বিতরণী অনুষ্ঠানে আরও ১০০টি পরিবারের মাঝে ---**২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য**






ফ্রি সেলাইমেশিন প্রশিক্ষণ কেন্দ্র

বাংলাদেশের বেকারত্ব রোধ করার লক্ষ্যে বাসমাহ ফাউন্ডেশন দেশব্যাপি কর্মসংস্থান সৃষ্টিতে অনন্য ভূমিকা পালন করে চলেছে।

অসচ্ছল, গরীব কর্মজীবি মহিলাদের ফ্রি সেলাইমেশিন ট্রেনিং করিয়ে অবশেষে তাদের প্রত্যেকের মাঝে সেলাইমেশিন বিতরণ করা হয়, যা তাদের জীবিকা নির্বাহের ক্ষেত্রে ব্যাপক ভূমিকা পালন করে থাকে। ---২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য




চিকিৎসা ক্ষেত্রে বাসমাহ ফাউন্ডেশন

BASMAH USA এর অর্থায়নে কক্সবাজারের উখিয়ায় অবস্থিত রোহিঙ্গা শরণার্থী শিবিরে **বাসমাহ ফাউন্ডেশন** ছয়টি মেডিক্যাল ক্যাম্পের মাধ্যমে চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছে। মেডিকেল ক্যাম্পের চিকিৎসা সেবায় সন্তুষ্ট বলে বাসমাহর মিডিয়া বিভাগকে জানিয়েছেন চিকিৎসা নিতে আসা রোগীবৃন্দ। কি ধরণের রোগীর সংখ্যা বেশী হয়ে থাকে এমন প্রশ্নের জবাবে বাসমাহ'য় নার্স হিসেবে কর্মরত শিরীন আক্তার জানান



লার্নিং সেন্টার সমূহে ব্যাগ ও টি-শার্ট বিতরণ

তীব্র গরমের কারণে শিশুদের শিক্ষাকেন্দ্রে থাকা কঠিন হয়ে দাঁড়িয়েছে। বিষয়টি বিবেচনা করে বাসমাহ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের জন্য তৈরি করেছে গরমকালের উপযোগী হালকা টি-শার্ট। উল্লেখ্য বর্তমানে বাসমাহ পরিচালিত মোট ৬টি শিশু শিক্ষাকেন্দ্র রয়েছে। এতে মোট শিক্ষার্থী সংখ্যা প্রায় চার শত। প্রতিটি শিক্ষার্থীর চক-সিলেট, খাতা-কলমসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণের খরচ বাসমাহ ফাউন্ডেশন --২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

## যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ

BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

আলোকিত একটি জীবন বদলে দেয় পৃথিবী

অক্টোবর-২০১৯

BASMAH BULLETIN
Octobor-2019



## চিকিৎসা ক্ষেত্রে বাসমাহ ফাউন্ডেশন

এখানে যেহেতু আমরা প্রাথমিক চিকিসার ব্যবস্থ্যাটা করে থাকি সেহেতু জ্বর, সর্দি, কাশি, মাথা ব্যাথা, কাটা-ছেঁড়া ইত্যাদির চিকিৎসা নিতেই বেশী রোগী এসে থাকে। তবে পানি-বাহিত যে রোগগুলো রয়েছে, যেমন আমাশয়, পাতলা পায়খানা, ডাইরিয়া ইত্যাদি রোগগুলো বেশী দেখা যায়। এই রোগগুলো বেশী হওয়ার পেছনে কারণ হিসেবে তিনি উল্লেখ করেন, ক্যাম্পে অতিরিক্ত গরম এবং পরিচ্ছন্ন পরিবেশের অভাবেই মূলত এই ধরণের রোগগুলো বেশী হচ্ছে। তবে আশা করা যায় সচেতনতা বাড়ানো গেলে রোগগুলো অনেকটা নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে।




## বন্যাদুর্গত শুশুয়া চরে...

**(১ম পৃষ্ঠার পর)** বাদামের বীজ বিতরণ করা হয়। এসময় বাসমাহ ফাউন্ডেশনের এরিয়া ম্যানেজার হাফিজুর রহমানও উপস্থিত ছিলেন। প্রজেক্ট ম্যানেজার আলআমীন জানান ক্রমান্বয়ে ৬০০টি পরিবারের মাঝে এই বীজ বিতরণ করা হবে। কৃষি ফলণের জন্য বাদামকে কেন চয়ন করা হলো এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বন্যার কারণে এলাকার আবাদি জমিগুলো স্বাভাবিক উর্বরতা হারিয়ে বেলে মাটিতে পরিণত হয়, এরকম জমিতে বাদামের চাষটাই বেশী ভালো হয় বিধায় কৃষকদের অধিক লাভের স্বার্থে বাদামের চাষাবাদকেই আমরা আপাতত বেশী গুরুত্ব দিচ্ছি। উল্লেখ্য ইতোমধ্যে ১৫০ টি পরিবারের প্রতিটি পরিবারে ১০ থেকে ১৫ কেজি করে বাদামের বীজ বিতরণ করা হয়েছে। নদীর পানি বৃদ্ধি পাওয়ায় মাঝে কিছুদিন বিতরণের কার্যক্রম বন্ধ থাকলেও ইতোমধ্যে পানি কিছুটা কমে এসেছে। তাই আবারও নতুন করে বীজ বিতরণের জন্য উপযুক্ত ব্যক্তিদের নাম নিবন্ধন করা হচ্ছে। একই সঙ্গে শুশুয়া চরে কার্যকরী কর্মসংস্থান তৈরীর প্রচেষ্ঠা অব্যাহত রয়েছে বলে জানান বাসমাহ ফাউন্ডেশনের প্রজেক্ট ম্যানেজার আলআমীন। এছাড়াও বাচ্চাদের শিক্ষা অধিকার বাস্তবায়নের লক্ষ্যে স্কুল প্রতিষ্ঠা এবং উন্নত চিকিৎসার জন্য মেডিকেল ক্যাম্প স্থাপনের প্ল্যানের কথাও তিনি জানিয়েছেন। প্রসঙ্গত এলাকার স্থায়ী উন্নতির লক্ষ্যে বাসমাহ ফাউন্ডেশন ইতোমধ্যে শুশুয়া চর আঞ্চলিক অফিস খুলেছে। যেখান থেকে প্রকল্পের সার্বিক বিষয় তদারকি করা হচ্ছে।



## লার্নিং সেন্টার সমূহে ব্যাগ ও টি-শার্ট বিতরণ

**(১ম পৃষ্ঠার পর)** বহন করে আসছে। এছাড়াও শিশুরা যেন প্রয়োজনীয় সকল শিক্ষা উপকরণ যথাযথভাবে সংরক্ষণ করতে পারে এজন্য বাসমাহ'র পক্ষ থেকে স্টুডেন্ট ব্যাগের ব্যবস্থাও করা হয়েছে।

গত সেপ্টেম্বর মাসের মাঝামাঝি সময়ে এসকল টি-শার্ট এবং ব্যাগ শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়। এসময় নিয়মিত শিক্ষকবৃন্দ ছাড়াও উপস্থিত ছিলেন বাসমাহ ফাউন্ডেশনের প্রজেক্ট ম্যানেজার জাহাঙ্গীর আলম ও প্রজেক্ট পরিদর্শক মেহেদী হাসান সহ স্থানীয় দায়িত্বশীলবৃন্দ।



## ফ্রি সেলাইমেশিন প্রশিক্ষণ কেন্দ্র

**(১ম পৃষ্ঠার পর)** বাসমাহ ফাউন্ডেশন শিক্ষা ও চিকিৎসার পাশাপাশি সেলাইমেশিন প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিতে অগ্রনী ভূমিকা পালন করে চলেছে।

বাসমাহ ফাউন্ডেশনের বর্তমান সেলাইমেশিন কার্যক্রম লালমনিহারহাট, টেকনাফ এবং দিনাজপুরে চলমান রয়েছে। এই মাসে ময়মনসিংহ এবং সিরাজগঞ্জে এর কার্যক্রম শুরু হবে এবং পরবর্তীতে কুষ্টিয়া ও টাঙ্গাইলসহ দেশব্যাপি সেলাইমেশিন প্রশিক্ষণ ও বিতরণের কার্যক্রম পর্যায়ক্রমে চলমান থাকবে ইনশাআল্লাহ।

BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

আলোকিত একটি জীবন বদলে দেয় পৃথিবী

অক্টোবর-২০১৯

BASMAH BULLETIN
October-2019



মানবতার কল্যাণে নিরলস কাজ করে যাওয়া বাসমাহ টিমের একটি অংশ

## প্রতিষ্ঠাতা ও প্রধান উপদেষ্টার

# কলাম




বাংলাদেশে কর্মসংস্থানের অপ্রতুলতা, এবং কর্ম বিমুখতা বেকারত্বের হারকে বৃদ্ধি করছে। ফলে অনিবার্যভাবে দারিদ্রতাও এখানের বহু মানুষের জীবনের বাস্তবতা। আমরা মনে করি বিত্তবান ও সামর্থ্যবান মানুষরা যদি এগিয়ে আসে তাহলে বেকারত্বের হার যেমন কমিয়ে আনা সম্ভব তেমনই দারিদ্রতার লাগামও টেনে ধরা সম্ভব। এই বিষয়গুলোকে সামনে রেখে ***বাসমাহ ফাউন্ডেশন*** দুই ধরণের কার্যক্রম পরিচালনা করে থাকে। (১) যাদের কর্ম ক্ষমতা আছে তাদের জন্য উপযুক্ত কর্মসংস্থানের ব্যবস্থা, যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করা বা কর্মের উপকরণ দান করা। ফলে তারা একটা সময় নিজের পায়ে দাঁড়ানোর যোগ্যতা অর্জন করে। (২) যারা নিতান্তই নিরুপায়, কিংবা বিভিন্ন দূর্যোগে ক্ষতিগ্রস্থ তাদের জন্য বিনামূল্যে ত্রাণ সরবরাহ করা।

সূচনাটা একেবারে শূন্য থেকে হলেও এখন আলহামদুলিল্লাহ ***বাসমাহ ফাউন্ডেশন*** একটি ক্রমবর্ধমান সেবা সংস্থা। আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি তাদের প্রতি, যারা তাদের অর্থ দানের মাধ্যমে আমাদের কার্যক্রমগুলো সচল রেখেছেন। দাতাদের দানের হাত প্রলম্বিত থাকলে আশাকরি আমরা কাজগুলো চলিয়ে যেতে সক্ষম হবো এবং আমাদের বিত্তবানরা যদি সবাই দাতার ভূমিকায় নেমে আসে তাহলে একটা সময় বেকারত্ব আর দারিদ্রতার হারও শূন্যের কোঠায় নেমে আসবে ইনশাআল্লাহ।

**-হাফেজ মীর মোহাম্মদ সাখাওয়াত হোসাইন**

*প্রতিষ্ঠাতা ও প্রধান উপদেষ্টা: বাসমাহ ফাউন্ডেশন*




## সমৃদ্ধশীল বাংলাদেশ গড়তে আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ *-চেয়ারম্যান: বাসমাহ ফাউন্ডেশন*

দক্ষিণপূর্ব এশিয়ায় অবস্থিত বাংলাদেশ একটি দারিদ্রতম দেশ। এদেশের প্রায় ৭০% মানুষ কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে। বেকারত্ব, নিরক্ষরতা, দারিদ্রতা এবং প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশ ব্যাপকভাবে আক্রান্ত। জনবহুল এই দেশটির অর্থনীতির চাকা স্থবির হয়ে আছে; তবে এর মূল কারণ হলো নিরক্ষতা এবং বেকারত্ব। বাংলাদেশের এই নিরক্ষরতা এবং বেকারত্ব দূর করার জন্য দীর্ঘদিন যাবত স্বপ্ন দেখতেছিলাম, আলহামদুলিলাহ BASMAH FOUNDATION-এর মাধ্যমেই আল্লাহ তা'আলা সেই সুযোগটি করে দিয়েছেন। **বাসমাহ ফাউন্ডেশন** প্রতিষ্ঠালগ্ন থেকেই অসহায়,অনাথ, বিধবা এবং রিফিউজদের মাঝে অগ্রণী ভূমিকা পালন করে চলেছে। বাসমাহ ফাউন্ডেশনের মাধ্যমে বাংলাদেশে কেবল বেকারত্ব এবং নিরক্ষরতাই দূর হচ্ছে না, বরং শিক্ষা ও কর্মসংস্থানের পাশাপাশি চিকিৎসা ক্ষেত্রে, শুষ্ক অঞ্চলে সুপেয় পানির ব্যবস্থা করণে, শীতার্তদের মাঝে কম্বল বিতরণে,অসহায়-গরীবদের মাঝে কুরবানীর গোশত বিতরণে এবং বিশেষকরে বাংলাদেশে অবস্থানরত শরনার্থীদের মাঝে অবিরাম কাজ করে যাচ্ছে। এছাড়া বাংলাদেশে দুর্যোগকালীন সময় এবং দুর্যোগ পুনর্বাসনে আমরা বাসমাহ ফাউন্ডেশনের মাধ্যমে নতুন প্রকল্প হাতে নিয়েছি, যা ইতোপূর্বে টাঙ্গাইলে বন্যায় কবলিত শুশুয়া চরে আমাদের দূর্যোগ পুনর্বাসন প্রকল্প চলমান রয়েছে।

আমরা চাই বেকারত্ব এবং নিরক্ষরতামুক্ত একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়তে। শিক্ষিত জাতি গঠনে এবং কর্মসংস্থান তৈরী করণে আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। জাতিসংঘ ঘোষিত মানবিক মৌলিক চাহিদা তথা- অন্ন,বস্ত্র,বাসস্থান,শিক্ষা ও চিকিৎসা এই সেক্টরগুলোকে বাসমাহ ফাউন্ডেশন প্রাধান্য দিয়ে মানব কল্যাণে বিরামহীনভাবে নিরন্তর কাজ করে যাচ্ছে।

বাসমাহ ফাউন্ডেশন একটি অলাভজনক এবং সেবামূলক প্রতিষ্ঠান। বিত্তবানদের অনুগ্রহ এবং আর্থিক সহয়তার মাধ্যমেই এই প্রতিষ্ঠানটি আল্লাহর অশেষ মেহেরবানীতে চলমান রয়েছে। আপন-াদের সহায়তার হাত আমাদের দিকে প্রসারিত হলে মানবকল্যানে আমাদের পথচলা আরো মসৃণ এবং সুদূর প্রসারিত হবে। সুতরাং মানবকল্যানের এই পথচলায়, এই সংগ্রাম সাধনায় আপনিও আমাদের সঙ্গী হোন।

**-মীর মোহাম্মদ দেলাওয়ার হুসাইন**

*চেয়ারম্যান: বাসমাহ ফাউন্ডেশন*

## যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ,
নারায়ণগঞ্জ, বাংলাদেশ